

৪৭ ৪৪

ইত্তেফাক

তারিখ ... 30 MAR 1986 ...  
পৃষ্ঠা ... কলাম ...

13

## ছাত্র সংঘর্ষের জেরে ॥ রাজশাহী মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা

আমাদের রাজশাহী বিশ্ব-বিদ্যালয় সংবাদদাতা টেলিফোনে জানাইয়াছেন, গতকাল (শনিবার)

প্রথম প্রহরে রাজশাহী মেডিকেল কলেজে ছাত্র সংঘর্ষের জের হিসাবে কতৃপক্ষ কলেজটি অনিদিষ্টকালের জন্য বন্ধ ও সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করেন। কতৃপক্ষের নির্দেশ অনুযায়ী মেডিকেল ছাত্ররা ইতিমধ্যে হল ছাড়িয়া চলিয়া গিয়াছেন। অধ্যক্ষ জানান, ছাত্রদের নিরাপত্তার কথা বিবেচনা করিয়া একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী কলেজ বন্ধ ঘোষণা করা হয়।

ছাত্রাবাসে সীট দখল কেয় করিয়া বিপ্লবী ছাত্র মৈত্রী এবং বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কর্মীদের মধ্যে বিরোধ শূক্রবার দিবাগত রাত চারটার সিকে সংঘর্ষের রূপ নেয়। স্থানীয় লোকদের সমর্থন-পুষ্ট উভয়পক্ষের সংঘর্ষে ছাত্রাবাসের ৫০টি কক্ষ তছনছ হয়। দুইটি কক্ষ আলাইরা দেওয়া হইয়াছে। রাত্রিশেষে গতকাল উভয়পক্ষে আবার ধাওয়া পাঠা ধাওয়া হয়।